5830 (6) 5370 1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

কোবালা

মূল্য - 80000 টাকা

থানা - ইলামবাজার

মৌজা - কামারপাড়া

জে. এল. নম্বর - ১৩১

দাগ নম্বর - ৩২৬,৩২৬

পরিমান - ২০ শতক ।

Admissible Under Rule 21 duly stamped (or exempted ... ) ... the Indian Stamp Act ...

Schedule-I No ... 23

Fees paid ... 4.50

A 429.00

Addl. Dist. Sub-Registrar ... Birbhum

28 SEP 2000

ক্রেতা :-

১। শ্রী[illegible]জয় সরকার পিতা পুনবেশ্বর সরকার

২। শ্রীমতী রত্না সরকার স্বামী শ্রীসুভাষ সরকার

উভয়ের জাতি ভারতীয় ধর্ম্ম হিন্দু ১নম্বর ক্রেতার পেশা ব্যবসাদি ও ২ নম্বর ক্রেতার পেশা এডিটিং সাকিম -সুরুল ডাকঘর - শ্রীনিকেতন মহকুমা থানা ও সাবরেজিষ্টারী অফিস - বোলপুর জেলা- বীরভূম ।

পৃ....২

Hiland Projects Limited

Authorised Signatory

৬২২৬ ২৫/৯/২০০০
নাম মুরশিদ সরকার
ঠিকানা সুরাল
মূল্য ১০০০/-
কারণ কোবালা
ভেন্ডার-শ্রীনটবর দত্ত মুদী
শ্রীনটবর দত্ত মুদী

Office of the A.D.S.R. ...

Presented for registration at 11-10 ...
month 28th Sept 19 2000
at the Addl. Dist. Sub-Registry Office
Bolpur by - SK. Kowsar Ali

Execution admitted ...
SK. Kowsar Ali
Son of Lt. SK. ...
of ...
P.S. Bolpur ...
Birbhum

by profession ...

Additional Dist. Sub-Registrar
Bolpur, Birbhum

28 SEP 2000

7548

Swarup Sarkar
Son of Lt. Haradhan Sarkar
of Surul
P.S. Bolpur
Dist. Birbhum
by Caste Hindu
by Profession ...

Additional Dist. Sub-Registrar
Bolpur, Birbhum

Hiland Projects Limited
Authorised Signatory

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES



বিক্রেতা :-

সেখ কাওসার আলি পিতা মৃত সেখ আলিনুর

জাতি ভারতীয় ধর্ম্ম ইসলাম পেশা চাষাদি

সাকিম - মহিদাপুর ডাকঘর - বিনুরিয়া মহকুমা

থানা ও সাবরেজিষ্টারী অফিস - বোলপুর

জেলা - বীরভূম ।

কস্য খোসকোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

P-50

Hiland Projects Limited

Authorised Signatory

জেলা বীরভূম থানা ইলামবাজার অন্তর্গত মৌজা কামারপাড়ার সীমানান্তিত নীচের তপশীল লিখিত দাগ সকলের মধ্যে ৫২৫ দাগের সমগ্র ১৬ শতক সম্পত্তির পূর্ব মালিক ছিলেন কামারপাড়া গ্রাম নিবাসী বঙ্কিম চক্রবর্তী পিতা পাতুলাল চক্রবর্তী মহাশয় । ইহা বিগত রিভিশন্যাল সেটেলমেন্ট রেকর্ডে কামারপাড়া মৌজার ৪৭৮ নম্বর খতিয়ান হইতে যথাযথভাবে প্রকাশ পায় ।

তপশীল লিখিত ৫২৬ দাগের সমগ্র ৪ শতক সম্পত্তির পূর্ব মালিক ছিলেন কামারপাড়া গ্রাম নিবাসী কালাচাঁদ গোস্বামী পিতা হলধর গোস্বামী । তিনি তাঁহার উক্ত সম্পত্তিতে স্বত্ত্বান ও দখলীকার থাকাকালীন উহা নিজ অর্থের প্রয়োজনে উহা বিক্রয় করিবার সোহরৎ দিলে কামারপাড়া গ্রাম নিবাসী বঙ্কিম চক্রবর্তী পিতা পাতুলাল চক্রবর্তী মহাশয় তৎকালীন উপযুক্ত পনমূল্য প্রদানে উহা খরিদ করিয়া তাহাতে স্বত্ত্বান ও দখলীকার হয়েন । উক্ত দলিল বিগত সন ১৩৮১ সালের ২রা মাঘ ইংরাজী ১৬।১।১৯৭৫ তারিখে সম্পাদিত ও উক্ত তারিখেই বোলপুর সাবরেজিষ্টারী অফিসে রেজিষ্ট্রিকৃত ২৬১ নম্বর খোসকোবালা দলিল হইতেছে ।

তদপর উপরের বর্নিত প্রকারে উপরোক্ত শ্রীবঙ্কিম চক্রবর্তী মহাশয় তাঁহার তপশীল লিখিত ৫২৫ এবং ৫২৬ দাগের ভূমি সকলের সমগ্র অংশে মালিক দখলীকার থাকিয়া বর্তমান এল. আর. রেকর্ডে উক্ত সম্পত্তি সকল নিজনামে রেকর্ডভুক্ত করান । ইহা কামারপাড়া মৌজার এল. আর. ২৬৪ নম্বর খতিয়ান হইতে যথাযথভাবে প্রকাশ পায় ।

তদপর উক্ত শ্রীবঙ্কিম চক্রবর্তী মহাশয় তাঁহার উপরোক্ত দাগ সকলের সম্পত্তি সকল বিক্রয় করিবার সোহরৎ দিলে অত্র দলিলের বিক্রেতা আমি সেখ কাওসার আলি উহা বর্তমান সন ১৪০৭ সালের ১৫ ই আষাঢ় ইংরাজী ৩০।৩।২০০০ তারিখে সম্পাদিত ও বোলপুর সাবরেজিষ্টারী অফিসে রেজিষ্ট্রিকৃত ৫২১২ নম্বর খোসকোবালা দলিলমূলে মূল্য প্রদানে খরিদ করিয়া এবং তাহাতে ভূম্যাধিকারীর সেরেস্তায় যাবতীয় খাজনা প্রদান করতঃ উহাতে স্বত্ত্বান ও দখলীকার রহিয়াছি ।

Hiland Projects Limited
Authorised Signatory

বর্তমানে সাংসারিক নানাকারনে আমার বিশ কিছু নগদ অর্থের আবশ্যকতা হওয়ায় অর্থ সংগ্রহের নিমিত্তে আমি আমার খরিদা তপশীল লিখিত সম্পত্তি সকল বিক্রয় করিবার সোহরৎ দিলে অত্র দলিলের ক্রেতাগন আপনারা উহা সর্ব্বোচ্চ ৪০০০০ চল্লিশহাজার টাকা মূল্যে খরিদ করিতে চাহিলেন এবং অত্র দলিলের বিক্রেতা আমিও উক্ত মূল্য বর্তমান বাজারে ন্যায্য ও সময়োচিত হইয়াছে জানিয়া ও বুঝিয়া উপরোক্ত পনমূল্যে নীচের তপশীলে লিখিত ও বিশদভাবে বর্নিত সম্পত্তি সকল আপনাকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃসৃত্ব ও বেদখল হইলাম এবং অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তি সকলে আপনাদিগকে দখলে স্থাপন করিলাম ।

তপশীল লিখিত সম্পত্তি সকলে আমার এযাবৎকাল যাহা কিছু এবং যত প্রকারের সৃত্ত্বাধিকার ছিল তাহা অদ্যকার তারিখ হইতে সম্পূর্নরূপে বিলুপ্ত হইয়া উহা আপনাকে অর্শিল ও বর্তিল ।

আপনারা অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তিতে নিব্যূঢ় সৃত্ত্বে মালিক হইয়া এবং উহাতে দান, বিক্রয়, লীজ, মর্টগেজ প্রভৃতি বিবিধপ্রকারের হস্তান্তরের ক্ষমতাযুক্তে উহা পুত্র পৌত্র ওয়ারীশান মায় স্থলাভিষিক্তগনক্রমে যদিচ্ছা পরমসুখে উহা চিরকাল ভোগদখল করিতে থাকুন । তাহাতে আমার মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগনের কস্মিনকালেও কোনপ্রকার কোন ওজর আপত্তি কি কোন দাবী দাওয়া করিতে পারিব না কি পারিবে না কি করিলেও তাহা আইনতঃ গ্রাহ্য হইবে না ।

তপশীল লিখিত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে । উহা ইতিপূর্বে কোনস্থানে কোনপ্রকার হস্তান্তর কি দায়গ্রস্থাদি করা নাই কি বর্তমান ভূমি সংস্কার আইনের বিধানমতে আমার সিলিং বহির্ভূত কোন সম্পত্তি নাই কি নহে । উক্ত সম্পত্তি বিক্রয় করিবার জন্য আমি ইতিপূর্বে অপর কাহারও সহিত কোন প্রকার কোন চুক্তি করি নাই কি তন্মূলে কাহারও নিকট হইতে কোন বায়না গ্রহন করি নাই । উহা কোন সরকারী বা বেসরকারী সংস্থা কর্ত্তৃক কোন এ্যাকুইজিশন বা -

Hiland Projects Limited
Authorised Signatory

রিক্যুইজিশন হয় নাই কি উক্ত ভূমিতে কোন বর্গাদার নিযুক্ত নাই । ঐ প্রকার থাকা কি করা প্রকাশ পাইলে বা আমার কৃতকর্ম্মের জন্য কি স্বত্বের দোষে তপশীল লিখিত সম্পত্তি বা তাহার কোন অংশ হইতে আপনাদিগকে নৈরাশ কি বেদখল হইতে হইলে আমি মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগন আপনারা মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগনকে পনমূল্যের সমুদয় টাকা মায় আইনহারে সুদসহ এককালীন নগদে ফেরৎ দিতে ও যাবতীয় ক্ষতিপূরন করিতে বাধ্য রহিলাম ।

আপনারা অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তির খাজনা ও যাবতীয় রাজস্বাদী সরকার বাহাদুরের সেরেস্তায় নিজ জিম্মায় আদায় দিবেন এবং ইচ্ছা করিলে উহাতে আমার ও পূর্ব মালিকের নাম খারিজ করত আপনাদের নামে পৃথক জমাপত্তন করাইয়া লইতে পারিবেন । তাহাতে আমার সকল প্রকার সম্মতি দেওয়া রহিল এবং ভবিষ্যতে কোন পৃথক সম্মতি দিবার আবশ্যক বোধ করিলে তাহাও দিতে বাধ্য রহিলাম ।

এতদর্থে সুস্থচিত্তে সরল অন্তঃকরনে অন্যের বিনা অনুরোধে স্ব-ইচ্ছায় স্বজ্ঞানে অত্র দলিলের মর্ম্ম সকল সবিশেষভাবে অবগত হইয়া ও আপনাদের নিকট হইতে পনমূল্যের সমুদয় ৪০০০০ চল্লিশ হাজার টাকা আমি বুঝিয়া পাইয়া নিম্নের স্বাক্ষরকারী সাক্ষীগন সম্মুখে আপনাদের অনুকূলে এই খোসকোবালা. দলিল সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন ১৪০৭ সালের ১১ আশ্বিন ইংরাজী- ২৮/৯/২০০০ আঠাশ/নয়/দুইহাজার

Hiland Projects Limited
Authorised Signatory

তপশীল -

জেলা বীরভূম থানা -ইলামবাজার মহকুমা ও সাবরেজিষ্টারী অফিস- বোলপুর মৌজা - কামারপাড়া জে.এল. নম্বর - ১৩১ এল. আর. খতিয়ান নম্বর - ২৬৪ দুইশত চৌষট্টি ।

| দাগনম্বর | শ্রেনী | অংশ | বিক্রীত পরিমান |
| --- | --- | --- | --- |
| ৫২৫ পাঁচশত পঁচিশ | বাইদ | ১, | ১৬ শতক |
| ৫২৬ পাঁচশত ছাব্বিশ | বাইদ | ১, | ৪ শতক |

খাজনার যোগ্য , স্বত্ব - রায়ত স্থিতিবান ।

জমিদার :- পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বীরভূম জেলা সমাহর্তা ।
মোকাম ও পোঃ - সিউড়ী জেলা - বীরভূম ।

মুসাবিদা ও দলিল প্রস্তুতকারক :-

Partha Sarathi Das.
শ্রী পার্থ সারথি দাস
এ্যাডভোকেট
বোলপুর কোর্ট, বীরভূম ।
পঃবঃ - ১৩২০/৮১

টাইপকারক :-
শ্রীআনন্দগোপাল দে
বোলপুর শুঁড়িপাড়া
(ধর্মরাজতলা)

ইসাদী --
১। সিদ্ধার্থ সরকার
সাং- সুরুল
২। শ্রী সুব্রত সরকার
পিতা ৺ হরগোবিন্দ সরকার।
সাকিন- সুরুল

শেখ বদিউর রহমান
সাং মির্জাপুর

Hiland Projects Limited
Authorised Signatory

Office of the Addl. Dist. Sub Regr. Bolpur

28 SEP 2000

Office of the Addl. Dist. Sub Regr. Bolpur

29. 9. 2000

Book No. I
Volume No. 63
Pages 235 to 240
Being No. 5370
For the year 19 2000

Hiland Projects Limited

Authorised Signatory